Com-3, I:/2014-15/Auditoriam/dhak bangloletter-62

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা

স্মারক নং-৪৬.০৪২.০১৪.৪৫.০২.১১০.২০১২(১)-৩৭৭৩ তারিখঃ ৪.১০.২০১৫ খ্রিঃ।

বিষয়: যশোর জেলার কেশবপুর উপজেলার সাগরদাঁড়ীতে ০৪ (চার) তলা বিশিষ্ট একটি আধুনিক ডাকবাংলো নির্মাণ ।

উপর্যুক্ত বিষয়ে **ইসমাত আরা সাদেক, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয়** এর ০৩.০৯.২০১৫ তারিখের ০৫.০০.০০০০.০০১.০০.০০৩.১৪-১০৬ নং স্মারকে প্রাপ্ত আধাসরকারিপত্রের ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। যশোর জেলার কেশবপুর উপজেলার মহাকবি মাইকেল মধুসূদন দত্তের জন্মস্থান সাগরদাঁড়ীস্থ অতি পুরাতন জরাজীর্ণ ডাকবাংলো স্থানটি **এলজিইডির ডিজাইন ইউনিট কর্তৃক সরেজমিনে** পরিদর্শন করে উক্ত স্থানে শৈল্পিক সুষমামণ্ডিত ও নান্দনিক কাঠামোয় ডাকবাংলো নির্মাণের লক্ষ্যে প্ল্যান, ডিজাইন ও প্রাক্কলন প্রস্তুত করে আগামী ১০(দশ) কর্মদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তিঃ বর্ণনামতে।

০৪/১০/১৫
(জুবাইদা নাসরীন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
Email-lgzp@lgd.gov.bd

প্রধান প্রকৌশলী
এলজিইডি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপিঃ

১। প্রশাসক, জেলা পরিষদ, যশোর।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, যশোর।
৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

৬

Com-3, E/2014-15/Auditoriam/dhak bangloletter-62

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা

স্মারক নং-৪৬.০৪২.০১৪.৪৫.০২.১১০.২০১২(১) ৩৭৭৬ তারিখ: ০৪.১০.২০১৫ খ্রিঃ।

বিষয়: যশোর জেলার কেশবপুর উপজেলার সাগরদাঁড়ীতে ০৪ (চার) তলা বিশিষ্ট একটি আধুনিক ডাকবাংলো নির্মাণ ।

উপর্যুক্ত বিষয়ে **ইসমাত আরা সাদেক, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয়** এর ০৩.০৯.২০১৫ তারিখের ০৫.০০.০০০০.০০১.০০.০০৩.১৪-১০৬ নং স্মারকে প্রাপ্ত আধাসরকারিপত্রের ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। যশোর জেলার কেশবপুর উপজেলার মহাকবি মাইকেল মধুসূদন দত্তের জন্মস্থান সাগরদাঁড়ীস্থ অতি পুরাতন জরাজীর্ণ ডাকবাংলো স্থানটি এলজিইডির ডিজাইন ইউনিট কর্তৃক সরেজমিনে পরিদর্শন করে উক্ত স্থানে শৈল্পিক সুষম মন্ডিত ও নান্দনিক কাঠামোয় ডাকবাংলো নির্মাণের লক্ষ্যে প্ল্যান, ডিজাইন ও প্রাক্কলন প্রস্তুত করে আগামী ১০(দশ) কর্মদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

০৪/১০/১৫
(জুবাইদা নাসরীন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, যশোর।

অনুলিপিঃ

১। প্রশাসক, জেলা পরিষদ, যশোর।

২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

ইসমাত আরা সাদেক, এমপি
প্রতিমন্ত্রী
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডি ও নং-০৫.০০.০০০০.০০১.০০.০০৩.১৪- ১০৬

তারিখঃ ১৯ ভাদ্র ১৪২২ বঙ্গাব্দ
০৩ সেপ্টেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

প্রিয় মন্ত্রী মহোদয়,

আপনার সানুগ্রহ বিবেচনা ও সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানাচ্ছি যে, যশোর জেলার কেশবপুর উপজেলার সাগরদাঁড়ী মহাকবি মাইকেল মধুসূদন দত্তের জন্মস্থান। মধুকবির স্মৃতি বিজড়িত সাগরদাঁড়ীর কপোতাক্ষ তীরে মনোরম পরিবেশে জেলা পরিষদের ডাকবাংলোটি অবস্থিত। ষাটের দশকে নির্মিত জরাজীর্ণ ডাকবাংলোটি সম্পূর্ণরূপে ব্যবহার অনুপযোগী হওয়ায় আমার অনুরোধে ডাকবাংলোটি ভেঙ্গে আধুনিক একটি ডাকবাংলো নির্মাণের সিদ্ধান্ত হয়। কিন্তু জেলা পরিষদ কর্তৃক এলজিইডি-এর স্থিরিকৃত প্রটোটাইপ ডিজাইনের উপর ভিত্তি করে সাগরদাঁড়ীতে ডাকবাংলো নির্মাণের কার্যক্রম গৃহীত হয়েছে। আমি এর ডিজাইন দেখেছি ও উপলব্ধি করছি যে, নির্মিতব্য ডাকবাংলোর ডিজাইন মধুকবির সংস্কৃতি ও চেতনার সাথে সঙ্গতিপূর্ণ নয় এবং পর্যাপ্ত আবাসন ব্যবস্থাসম্পন্নও নয়।

আপনার সদয় জ্ঞাতার্থে জানাচ্ছি যে, মহাকবি মাইকেল মধুসূদন দত্তের জন্মস্থান হওয়ায় সরকারি/বে-সরকারি উচ্চপদস্থ দেশি-বিদেশি কর্মকর্তাগণ ও প্রচুর দেশি-বিদেশি পর্যটক প্রায় প্রতিদিন সাগরদাঁড়ীতে আগমন করে থাকেন। যে কারণে এখানে শুধুমাত্র মধুকবির স্মৃতি বিজড়িত স্থানকে ঘিরেই পর্যটন শিল্প বিকাশের অনন্য সুযোগ রয়েছে। তবে আধুনিক পর্যটন ব্যবস্থাপনার অন্যতম প্রধান অনুষঙ্গ হলো স্থাপত্য নিদর্শনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ও পর্যাপ্ত আবাসন ব্যবস্থা। তা না হলে দেশি-বিদেশি পর্যটকগণের আগমন সংকুচিত হওয়ার আশংকা রয়েছে। এ কারণে নতুন করে নির্মিতব্য ডাকবাংলোটি একদিকে শৈল্পিক সুষমামণ্ডিত হওয়া দরকার, অপরদিকে আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত ও পর্যাপ্ত আবাসন ব্যবস্থার হওয়া প্রয়োজন।

কপোতাক্ষ পাড়ে মহাকবি মাইকেল মধুসূদন দত্তের স্মৃতি বিজড়িত স্থানে শৈল্পিক সুষমামণ্ডিত ও আধুনিক ডাকবাংলো নির্মাণ করা হলে এ অঞ্চলের মানুষের দীর্ঘ দিনের প্রত্যাশা পূরণ হবে। আমি জেনেছি যে, বর্তমান প্রটোটাইপ ডিজাইনে সামান্য পরিবর্তন আনা হলে এ চাহিদা পূরণ সম্ভব।

এমতাবস্থায়, মহাকবি মাইকেল মধুসূদন দত্তের জন্মস্থান আমার নির্বাচনী এলাকা যশোর জেলার কেশবপুর উপজেলার সাগরদাঁড়ীতে নির্মিতব্য ডাকবাংলোটির প্রটোটাইপ ডিজাইন পরিবর্তন করে নান্দনিক কাঠামোয় ডাকবাংলোটি নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদানের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

আন্তরিকভাবে আপনার,

Ismat Ara Sadiq

ইসমাত আরা সাদেক, এমপি

খন্দকার মোশাররফ হোসেন
মাননীয় মন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ
১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

জেলা পরিষদ অধিশাখা
ডায়েরী নং ...
তারিখ ...

উপ-সচিব
স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর

যুগ্ম-সচিব (প্রঃ)
স্থানীয় সরকার বিভাগ
ডায়েরী নং ...
তারিখ ...
যুগ্ম-সচিব (প্রশাসন)
শাখা ঃ প্রশাসন-১/২/ জেপ

ডায়েরী নং ৮০৬
তারিখ ০১/০৯/১৫
মন্ত্রীর দপ্তর